


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১




নং-৪৫.১৬২.১১৬.০০.০০.০২৫.২০১৮-১২২

৬ শ্রাবণ ১৪২৭
২১ জুলাই ২০২০

বিষয়: জেলা/উপজেলা পর্যায়ের সরকারি/বেসরকারি হাসপাতাল/ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টারে কোভিড-১৯ সেবায়
অনিয়ম ও অবহেলার বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সম্প্রতি কোভিড-১৯ চিকিৎসায় জালিয়াতি ও প্রতারণায় বহুল আলোচিত
রিজেন্ট হাসপাতাল, জেকেজি এবং সাহাবুদ্দিন মেডিকেলসহ একাধিক হাসপাতালের বিরুদ্ধে র্যাবের অভিযান ও বিভিন্ন পত্র পত্রিকায়
প্রকাশিত অনিয়ম ও দুর্নীতির বিষয়টি আলোচনায় এসেছে। জেলা/উপজেলা পর্যায়েও কোভিড-১৯ পরীক্ষার সনদ ও চিকিৎসার ক্ষেত্রে
নানা অনিয়মের অভিযোগ পাওয়া যাচ্ছে।

২। এমতাবস্থায়, জেলা/উপজেলা পর্যায়ে উপজেলা কোভিড-১৯ পরীক্ষার সনদ ও চিকিৎসার ক্ষেত্রে তাঁর নিয়ন্ত্রণাধীন
হাসপাতাল/ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টারে কোন অনিয়ম ও প্রতারণার অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিক তদন্ত করে সংশ্লিষ্ট জেলা
প্রশাসকের সাথে সমন্বয়ের মাধ্যমে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(উম্মে হাবিবা)
২১/০৭/২০২০

সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪০৯৪৪

১। সিভিল সার্জন (সকল).....

অনুলিপি (সদয় অবগতির জন্য)

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালি, ঢাকা।
- ২। জেলা প্রশাসক (সকল)
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৬। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।
- ৭। যুগ্মসচিব (সরকারি/বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।